# প্রায়ই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## KEY TO NYC: ইনডোর বিনোদন, আমোদপ্রমোদ, ডাইনিং এবং ফিটনেসের স্থানগুলির জন্য COVID-19 টিকাকরণ প্রয়োজন

COVID-19-এর বিস্তার থামাতে সাহায্য করার জন্য, নিউ ইয়র্ক সিটি *Key to NYC* চালু করেছে, যার জন্য নির্দিষ্ট কিছু প্রতিষ্ঠানকে যাচাই করতে হবে যে কর্মী এবং পৃষ্ঠপোষকদের COVID-19 এর বিরুদ্ধে টিকা দেওয়া হয়েছে।

## সূচিপত্র:

**প্রতিষ্ঠান ও স্থানগুলির ধরন** ..... 2
**টিকাকরণের প্রমাণ যাচাই করা** ..... 4
**টিকাকরণের প্রমাণের ধরন** ..... 5
**পরিচয়ের প্রমাণের ধরনগুলি** ..... 7
**প্রয়োজনীয় সাইন এবং নথি** ..... 8
**ন্যায্য বাস্তবায়ন এবং যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধান** ..... 10
**ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির জন্য সংস্থান** ..... 11
**বলবৎকরণ** ..... 11
**টিকা নেওয়া** ..... 12

## প্রতিষ্ঠান ও স্থানগুলির ধরন

**কোন ধরনের সত্তাগুলিকে টিকাকরণের প্রমাণ চাইতে হবে?**
নির্দিষ্ট ধরণের ইনডোর বিনোদন, আমোদপ্রমোদ, ডাইনিং এবং ফিটনেস প্রতিষ্ঠানগুলিকে যাচাই করতে হবে যে তাদের অভ্যাগত ও কর্মীদের টিকা দেওয়া হয়েছে।

**কোন স্থানগুলিকে "ইনডোর" হিসাবে বিবেচনা করা হয়?**
*Key to NYC* এর উদ্দেশ্যে, "ইনডোর" বলতে সেই স্থানগুলিকে বোঝায় যেগুলির ওপরে ছাদ বা চালা আছে এবং তিনটি বা তার বেশি দেয়াল আছে। *তবে, Key to NYC* এর উদ্দেশ্যে, নিম্নলিখিত কাঠামোগুলিকে আউটডোর হিসেবে বিবেচনা করা হয়, এবং অপারেটরদের টিকাকরণের স্থিতি পরীক্ষা করার প্রয়োজন নেই:

- একটি ফুটপাথ বা রাস্তার উপর কাঠামো এবং ফুটপাথের দিকে মুখ করে থাকা পাশটি সম্পূর্ণভাবে খোলা, অথবা
- ব্যক্তিগত পার্টির জন্য ডিজাইন করা একটি আউটডোর ডাইনিং কাঠামো (যেমন প্লাস্টিকের ডোম) যতক্ষণ পর্যন্ত ডোমে বায়ু চলাচলের জন্য পর্যাপ্ত ভেন্টিলেশন থাকে।

**কোন ধরনের ইনডোর বিনোদনের স্থানগুলিকে নিয়ম মেনে চলতে হবে?**
মুভি থিয়েটার, সঙ্গীত বা কনসার্টের অনুষ্ঠানস্থল, প্রাপ্তবয়স্কদের বিনোদন, ক্যাসিনো, বোটানিক্যাল গার্ডেন, বাণিজ্যিক অনুষ্ঠান ও পার্টির অনুষ্ঠানস্থল, মিউজিয়াম, অ্যাকোয়ারিয়াম, চিড়িয়াখানা, পেশাদার খেলাধূলার জায়গা এবং ইনডোর স্টেডিয়াম, কনভেনশন সেন্টার ও প্রদর্শনী হল, হোটেলের মিটিং ও অনুষ্ঠানের স্থান, শিল্পকলা প্রদর্শনের থিয়েটার, বোলিং অ্যালি, আর্কেড, ইনডোর খেলাধূলার এলাকা, পুল ও বিলিয়ার্ড হল, এবং অন্যান্য বিনোদনমূলক খেলাধূলার কেন্দ্র।

যদি একটি অনুষ্ঠানস্থলে ইনডোর ও আউটডোর উভয় অংশই থাকে, তাহলে শুধুমাত্র ইনডোর অংশটিই *Key to NYC* প্রয়োজনীয়তার আওতায় থাকে। যদি কোনও উপাসনা কেন্দ্র দ্বারা একটি ধর্মীয় অনুষ্ঠানের জন্য অনুষ্ঠানস্থল ভাড়া নেওয়া হয়, সেই ক্ষেত্রে অনুষ্ঠান চলাকালীন এটি *Key to NYC* প্রয়োজনীয়তার আওতায় পড়ে না।

**যখন একটি বিয়ে বা অন্য অনুষ্ঠানের জন্য একটি আওতাধীন জায়গা ভাড়া দেওয়া হয়, তখন কাদের *Key to NYC* মেনে চলা আবশ্যক?**

বাণিজ্যিক অনুষ্ঠান ও পার্টির অনুষ্ঠানস্থল এবং হোটেলের মিটিং ও অনুষ্ঠানের জায়গাগুলিকে *Key to NYC* মেনে চলতে হবে। অভ্যাগত ও কর্মীদের টিকা দেওয়া হয়েছে কিনা তা দেখার দায়িত্ব অনুষ্ঠানস্থলের উপরই বর্তায়, যে ব্যক্তি জায়গাটি ভাড়া নিয়েছেন তার উপর নয়।

**কোন ধরনের খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানগুলিকে *Key to NYC* মেনে চলতে হবে?**
নিম্নলিখিতগুলি মেনে চলা প্রয়োজন, **যদি না তারা শুধুমাত্র টেক-আউট বা ডেলিভারি প্রদান করে:**

- যে সমস্ত খাদ্য পরিষেবা প্রতিষ্ঠান NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগের (Department of Health and Mental Hygiene) রেস্তোরাঁর গ্রেডিং প্রোগ্রামের অংশ, এবং ইনডোর ডাইনিং বা পানীয় পরিষেবা প্রদান করে, যার মধ্যে রয়েছে:
  - রেস্তোরাঁ
  - বার
  - কফি শপ
  - নাইট ক্লাব

  - হোটেল, কলেজ ও বিশ্ববিদ্যালয় এবং মলে ডাইনিং প্রতিষ্ঠান
  - ক্যাফেটেরিয়া
- হোটেল এবং মলে সহ, ফুড কোর্টে ইনডোরে বসার ব্যবস্থা পরিচালনা করে এমন ব্যবসা
- যে ব্যবসাগুলি পরিসরে ক্যাটারিং পরিষেবা প্রদান করে
- যে মুদিখানার দোকান, খাবারের বাজার, বোডেগা এবং অন্যান্য খুচরা খাদ্য বিক্রেতাগুলি নিউ ইয়র্ক স্টেট কৃষি ও বাজার বিভাগ (New York State Department of Agriculture and Markets) দ্বারা নিয়ন্ত্রিত, যদি এগুলি ইনডোরে সাইটেই খাওয়ার জায়গা প্রদান করে

যদি কোনো প্রতিষ্ঠান শুধুমাত্র টেক-আউট, ডেলিভারি বা আউটডোর ডাইনিং প্রদান করে, তাহলে ইনডোর ডাইনিংয়ের জন্য পৃষ্ঠপোষকদের দ্বারা সাধারণভাবে ব্যবহৃত যে কোনো ইনডোর টেবিল, চেয়ার বা অন্যান্য আসবাব অবশ্যই সরিয়ে দিতে বা ব্লক করতে হবে (যেমন, চিহ্ন বা টেপ দিয়ে) যাতে সেগুলি ব্যবহারের জন্য অনুপলব্ধ হয়।

**মুদিখানার দোকান, বোডেগা বা অন্যান্য খাদ্য বাজারের মতো একটি খুচরা খাদ্য বিক্রেতাকে কি টিকার প্রমাণ পরীক্ষা করতে হবে?**
শুধুমাত্র যে পৃষ্ঠপোষকরা ভিতরে বসে খাওয়ার জন্য একটি এলাকা ব্যবহার করেন তাদের জন্য। উদাহরণস্বরূপ, ভিতরে বসে খাওয়ার জন্য টেবিল ও চেয়ার প্রদান করে এমন একটি মুদিখানার দোকান বা বোডেগাকে সেই জায়গাটি ব্যবহারকারী যে কোনও পৃষ্ঠপোষকের টিকাকরণের প্রমাণ অবশ্যই পরীক্ষা করতে হবে, যদি ব্যবসায়িক প্রতিষ্ঠানটি সেই জায়গাটিকে খোলা রাখার সিদ্ধান্ত নেয়।

**কোন ধরনের ফিটনেস প্রতিষ্ঠানগুলিকে নিয়ম মেনে চলতে হবে?**
স্বতন্ত্র জিম ও ফিটনেস সেন্টার; হোটেল জিম ও ফিটনেস সেন্টার; উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে জিম ও ফিটনেস সেন্টার; যোগব্যায়াম, পিলাটিজ, নাচ, এবং বার স্টুডিও; বক্সিং ও কিকবক্সিং জিম; ফিটনেস বুট ক্যাম্প; ইনডোর পুল; ইনডোর টেনিস ফেসিলিটি ও টেনিস বাবল; ইনডোর আইস-স্কেটিং; ক্রসফিট বা অন্যান্য প্লায়োমেট্রিক বক্স; এবং ইনডোর গ্রুপ ফিটনেস ক্লাস আয়োজনকারী অন্যান্য স্থানগুলি।*

*দ্রষ্টব্য: "গ্রুপ ফিটনেস ক্লাস"-কে একজন প্রশিক্ষকের নেতৃত্বে দুই (2) বা তার বেশি অংশগ্রহণকারী হিসাবে সংজ্ঞায়িত করা হয়।

**বাসস্থান বা অফিসে ইনডোর ডাইনিং, বিনোদন এবং ফিটনেসের স্থানগুলিতে কি *Key to NYC* প্রযোজ্য?**
নিম্নলিখিত স্থানে অবস্থিত ইনডোর ডাইনিং, বিনোদন এবং ফিটনেস কেন্দ্রগুলিকে *Key to NYC* থেকে ছাড় দেওয়া হয়েছে:
- ব্যক্তিগত আবাসিক বিল্ডিং যখন সেই স্থানগুলি শুধুমাত্র বাসিন্দাদের জন্য উপলব্ধ থাকে
- অফিস বিল্ডিং যখন সেই স্থানগুলি শুধুমাত্র অফিস কর্মীদের জন্য উপলব্ধ থাকে
- প্রি-কে থেকে গ্রেড 12 পর্যন্ত স্কুল
- সিনিয়র সেন্টার
- কমিউনিটি সেন্টার
- চাইল্ড কেয়ার প্রোগ্রাম

**পোশাক এবং খেলনার দোকানের মতো পুরোপুরি খুচরো বিক্রয়ের প্রতিষ্ঠান, যেখানে ইনডোর ডাইনিং নেই সেগুলির ক্ষেত্রে কি *Key to NYC* প্রযোজ্য?**
না। যদি একটি প্রতিষ্ঠান শুধুমাত্র খুচরো বিক্রয়েরর জন্যই হয়, তাহলে প্রতিষ্ঠানটির টিকাকরণের প্রমাণ পরীক্ষা করার প্রয়োজন নেই।

**যদি একটি প্রতিষ্ঠানের ইনডোর ও আউটডোর উভয় অংশই থাকে, তাহলে?**

যদি একটি প্রতিষ্ঠানের ইনডোর ও আউটডোর উভয় অংশই থাকে (উদাহরণস্বরূপ, একটি আউটডোর পুল সহ ইনডোর ফিটনেস সেন্টার বা পৃষ্ঠপোষকদের জন্য ইনডোর ও আউটডোর স্থান সহ একটি মিউজিয়াম), তাহলে শুধুমাত্র ইনডোর অংশটিই Key to NYC এর আওতায় পড়ে।

**যদি একটি প্রতিষ্ঠানকে নির্বাচনের জন্য ভোট কেন্দ্র হিসাবে ব্যবহার করা হয়, তাহলে?**

ভোটদানের জন্য, ভোটারের সাথে সহচর হিসেবে, বা নির্বাচন পর্যবেক্ষণ করার জন্য আপনার প্রতিষ্ঠানে প্রবেশকারী কোনো ব্যক্তির টিকাকরণের প্রমাণ আপনার প্রয়োজন হবে না।

## টিকাকরণের প্রমাণ যাচাই করা

**কাদের টিকাকরণের প্রমাণ অবশ্যই দেখাতে হবে?**
*Key to NYC* প্রতিষ্ঠানগুলির কর্মী, পৃষ্ঠপোষক, ইন্টার্ন, চুক্তিভিত্তিক কর্মী এবং স্বেচ্ছাসেবীদের অবশ্যই টিকাকরণের প্রমাণ দেখাতে হবে। 14 ডিসেম্বর, 2021 থেকে, পাঁচ বছর বা তার বেশি বয়সী পৃষ্ঠপোষকদের টিকাকরণের প্রমাণ দেখাতে হবে। টিকাকরণের কোন প্রমাণটি উপযুক্ত হবে তার জন্য নিচের প্রশ্নটি দেখুন, "টিকাকরণের কোন ধরনের প্রমাণগুলি যথেষ্ট?"

কোনো ব্যক্তি প্রতিষ্ঠানটিতে প্রবেশ করার সময়ে প্রতিবার প্রমাণ দেখানোর আবশ্যকতার পরিবর্তে, ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলি এমন ব্যক্তিদের একটি রেকর্ড রেখে দিতে পারে যারা আগে টিকাকরণের প্রমাণ দিয়েছেন। ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির কোনো চিকিৎসাগত তথ্য রেকর্ড করার প্রয়োজন নেই, তবে তারা গ্রাহকের নাম, টিকাকরণের প্রদত্ত প্রমাণের ধরণ, এই ধরনের প্রমাণ প্রদানের তারিখ এবং যে কর্মী এই ধরনের প্রমাণ পর্যালোচনা করেছিলেন তার নামের মতো তথ্যগুলি সহ ইলেকট্রনিক রেকর্ড বা একটি কাগজের লগ রাখতে পারে। যদি কোনও ব্যবসায়িক প্রতিষ্ঠান বারবার ফিরে আসা গ্রাহকদের বারবার পরীক্ষা করার পরিবর্তে ফাইলে এই ধরনের তথ্য রাখা বেছে নেয়, তাহলে *Key to NYC* এর প্রয়োজনীয়তাগুলি বাস্তবায়ন ও বলবৎ করার জন্য আওতাধীন সত্তার প্রোটোকলকে বর্ণনাকারী ব্যবসার পরিকল্পনায় এই অনুশীলনটি রেকর্ড করতে হবে।

ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির তাদের কর্মীদের জন্য অতিরিক্ত রেকর্ড রাখার প্রয়োজনীয়তা আছে। অনুগ্রহ করে পৃষ্ঠা 9 এ নিচের প্রশ্নটি দেখুন, "আমাকে কোন নথিগুলি রেখে দিতে হবে?"

**নিউ ইয়র্ক সিটিতে বসবাস করেন না এমন চুক্তিভিত্তিক কর্মীদের জন্য আমাকে কি টিকাকরণের প্রমাণ যাচাই করতে হবে?**
হ্যাঁ।

**5 বছরের কম বয়সী যে ব্যক্তিরা নিউ ইয়র্কে টিকাকরণের জন্য যোগ্য নয় তাদের ক্ষেত্রে কী হবে?**
5 বছরের কম বয়সী ব্যক্তিরা টিকাকরণের প্রমাণ দেখানো ছাড়াই *Key to NYC* প্রতিষ্ঠানে প্রবেশ করতে পারে, যতক্ষণ তারা খাওয়া ও পান করার সময় ব্যতীত অন্য সময়ে মুখে মাস্ক পরে থাকে। 2 বছর ও তার কম বয়সী শিশুদের মাস্ক পরার প্রয়োজন নেই।

**5 বছরের বেশি বয়সী যে ব্যক্তিরা স্কুলের ভ্রমণে আছে বা স্কুল-পরবর্তী প্রোগ্রামে অংশগ্রহণ করছে তাদের ক্ষেত্রে কী হবে?**
5 বছর বা তার বেশি বয়সের ব্যক্তিরা স্কুলে বা তাদের স্কুল বা সিটি এজেন্সি দ্বারা স্পনসর করা স্কুল-পরবর্তী প্রোগ্রামে অংশগ্রহণের জন্য প্রবেশ করার সময় টিকাকরণের প্রমাণ প্রদর্শন না করেই *Key to NYC* প্রতিষ্ঠানগুলিতে প্রবেশ করতে পারে, যতক্ষণ তারা সক্রিয়ভাবে খাওয়া ও পান করার সময় ব্যতীত অন্য সময়ে মুখে মাস্ক পরে থাকে। তবে, উচ্চ ঝুঁকিপূর্ণ পাঠ্যক্রম বহির্ভূত কার্যকলাপে অংশগ্রহণকারী, শিক্ষা বিভাগ (Department of Education) ও চার্টার স্কুলের শিক্ষার্থীদের অবশ্যই টিকা দিতে হবে।

**ব্যক্তিদের কি টিকাকরণের প্রমাণ না দেখিয়ে পোশাক পরিবর্তন করার জন্য বাথরুম বা লকার রুম ব্যবহার করার অনুমতি দেওয়া হয়?**
হ্যাঁ, যতক্ষণ তারা মুখে মাস্ক পরে থাকেন।

**আমাকে কি সরবরাহকারী বা বিক্রেতাদের জন্য টিকাকরণের প্রমাণ পরীক্ষা করতে হবে?**
যে ব্যক্তিরা ডেলিভারি বা পিকআপ করেন, শুধুমাত্র প্রয়োজনীয় মেরামত করার উদ্দেশ্যে প্রতিষ্ঠানে প্রবেশ করেন, অথবা যে ব্যক্তিরা টেকআউট বা ডেলিভারির জন্য খাবারের মত জিনিসগুলি নিতে আসেন, তাদের জন্য আপনাকে টিকাকরণের প্রমাণ যাচাই করতে হবে **না**। এই ব্যক্তিদের অবশ্যই মুখে মাস্ক পরতে হবে।

**একটি ইনডোর বিনোদনের অনুষ্ঠানস্থল বা খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানে উপস্থিত হওয়া শিল্পীদের এবং তাদের নিয়মিত কর্মসংস্থানের অংশ হিসাবে তাদের সাথে সহচর হিসেবে আগত ব্যক্তিদের ক্ষেত্রে কী হবে - আমাকে কি তাদের টিকাকরণের প্রমাণ যাচাই করতে হবে?**
হ্যাঁ, যদি তারা নিউ ইয়র্ক সিটির বাসিন্দা হন বা তারা *Key to NYC* প্রতিষ্ঠানটিতে নিয়মিতভাবে নিযুক্ত হন। অন্য কোনো শিল্পী, বা সেই শিল্পীর সাথে থাকা ব্যক্তিকে টিকাকরণের প্রমাণ দিতে হবে না।

**স্পোর্টস স্টেডিয়াম বা মাঠের একটি ইনডোর এলাকায় উপস্থিত থাকা পেশাদার ক্রীড়াবিদ এবং নিয়মিত কর্মসংস্থানের অংশ হিসাবে তাদের সাথে আসা কোনো ব্যক্তির ক্ষেত্রে কী হবে - আমাকে কি তাদের টিকাকরণের প্রমাণ যাচাই করতে হবে?**
হ্যাঁ, আওতাধীন সত্তাগুলিকে পেশাদার ক্রীড়াবিদদের পাশাপাশি কলেজের ক্রীড়াবিদ, এবং নিয়মিত কর্মসংস্থানের অংশ হিসাবে তাদের সাথে আসা যে কোনো ব্যক্তির জন্য টিকাকরণের প্রমাণ যাচাই করতে হবে, **যদি না** এই ব্যক্তিরা নিউ ইয়র্ক সিটিতে বাস **না করেন** এবং একটি পেশাদার বা কলেজের ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের উদ্দেশ্যে আওতাধীন সত্তাটিতে প্রবেশ করেন। নিউ ইয়র্ক সিটির "হোম টিম" খেলোয়াড় এবং কর্মীদের অবশ্যই টিকা দিতে হবে, তারা যেখানেই বসবাস করুন না কেন।

## টিকাকরণের প্রমাণের ধরন

**টিকাকরণের কোন ধরনের প্রমাণগুলি যথেষ্ট?**
27 ডিসেম্বর, 2021 থেকে শুরু করে, 12 বছর ও তার বেশি বয়সী পৃষ্ঠপোষকদের অবশ্যই দেখাতে হবে যে তারা মার্কিন যুক্তরাষ্ট্রের খাদ্য ও ওষুধ প্রশাসন (Food and Drug Administration ,FDA) বা বিশ্ব স্বাস্থ্য সংস্থা (World Health Organization ,WHO) দ্বারা অনুমোদিত একটি টিকা বা ইউএস-ভিত্তিক ক্লিনিকাল ট্রায়ালের অংশ হওয়া কোনও সক্রিয় (প্লেসিবো নয়) COVID-19 টিকা প্রার্থীর সম্পূর্ণ চিকিৎসাবিধি পেয়েছেন।

- FDA: https://www.fda.gov/emergency-preparedness-and-response/coronavirus-disease-2019-covid-19/covid-19-vaccines

- WHO: https://www.who.int/emergencies/diseases/novel-coronavirus-2019/covid-19-vaccines

12 বছর ও তার বেশি বয়সী পৃষ্ঠপোষকদের জন্য, একটি COVID-19 টিকার সম্পূর্ণ চিকিৎসাবিধি হল দুটি ডোজবিশিষ্ট টিকার অন্তত দুটি ডোজ যেমন Pfizer বা Moderna টিকা, অথবা একটি একক ডোজবিশিষ্ট টিকার এক ডোজ, যেমন Janssen/Johnson & Johnson টিকা।

28 জানুয়ারী, 2022 পর্যন্ত 5-11 বছর বয়সী শিশুদের শুধুমাত্র একটি ডোজ প্রয়োজন। 29 জানুয়ারী, 2022 থেকে শুরু করে, 5-11 বছর বয়সীদের 12 বা তার বেশি বয়সী ব্যক্তিদের মতো একইভাবে, একটি COVID-19 টিকার সম্পূর্ণ চিকিৎসাবিধির প্রমাণ দেখাতে হবে।

যে সমস্ত শিশুর বয়স 13 ডিসেম্বর, 2021 পর্যন্ত 5 বছর হয় নি, তাদের সম্পূর্ণ টিকাকৃত হওয়ার জন্য তাদের জন্মদিনের পরে 45 দিন পর্যন্ত সময় আছে।

| | এক-ডোজের প্রমাণ | সম্পূর্ণ চিকিৎসাবিধির প্রমাণ |
|---|---|---|
| 5-11 বছর বয়সী | হ্যাঁ, তবে শুধুমাত্র **28 জানুয়ারী, 2022 পর্যন্ত** | হ্যাঁ, **29 জানুয়ারী, 2022** থেকে শুরু হচ্ছে |
| 12 বছর ও তার বেশি বয়সী | হ্যাঁ, তবে শুধুমাত্র **26 ডিসেম্বর, 2021 পর্যন্ত** | হ্যাঁ, **27 ডিসেম্বর, 2021** থেকে শুরু হচ্ছে |

নিম্নলিখিতগুলি দেখিয়ে পর্যাপ্ত প্রমাণ প্রদর্শন করা যেতে পারে:

- তাদের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (Centers for Disease Control and Prevention, CDC) টিকাকরণ কার্ডের একটি ছবি বা হার্ড কপি
- NYC COVID Safe অ্যাপ
- নিউ ইয়র্ক স্টেট Excelsior অ্যাপ
- CLEAR এর ডিজিটাল ভ্যাক্সিন কার্ড, CLEAR হেলথ পাস
- আধিকারিক টিকাকরণের রেকর্ড
- নিচের টিকাগুলির মধ্যে একটির জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে প্রয়োগ করা একটি টিকার আনুষ্ঠানিক টিকাকরণ রেকর্ডের একটি ফটো বা হার্ড কপি[1]: AstraZeneca/SK Bioscience, Serum Institute of India/COVISHIELD ও Vaxzevria, Sinopharm, বা Sinovac।

## যদি কোনও ব্যক্তি একটি *Key to NYC* প্রতিষ্ঠানে টিকাকরণের প্রমাণ দেখাতে অস্বীকার করেন তাহলে কী হবে?

টিকাকরণের প্রমাণ দেখাতে অস্বীকার করেন এমন একজন ব্যক্তি যাকে নীচে বর্ণিত যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধান মঞ্জুর করা হয় নি, (নীচে "ন্যায্য বাস্তবায়ন এবং যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধান" বিভাগটি দেখুন) তিনি খুব দ্রুত এবং সীমিত উদ্দেশ্যে (যেমন বাথরুম ব্যবহার করা, খাবার নেওয়া, বিল পরিশোধ করা বা লকার রুমে পোশাক পালটানো) ছাড়া প্রবেশ করতে পারবেন না। এই ধরনের সীমিত উদ্দেশ্যে একটি অনুষ্ঠানস্থলে প্রবেশ করার সময়, ব্যক্তিদের অবশ্যই ফেস মাস্ক পরে থাকতে হবে।

[1] 14 আগস্ট, 2021 পর্যন্ত সাম্প্রতিক।

**আন্তর্জাতিক টিকাকরণ কার্ডে কোন তথ্য অন্তর্ভুক্ত করতে হবে?**
মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে প্রয়োগ করা টিকাগুলির জন্য টিকাকরণের প্রমাণ একটি আনুষ্ঠানিক টিকাকরণ রেকর্ড দ্বারা প্রদর্শিত হতে পারে যার মধ্যে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত থাকতে হবে:

- নাম ও পদবী
- জন্মতারিখ
- টিকা পণ্যের নাম (যেমন: AstraZeneca/SK Bioscience)
- প্রয়োগের তারিখ(গুলি)
- যে স্থানে টিকা দেওয়া হয়েছিল বা যে ব্যক্তি টিকা দিয়েছিলেন
    - মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে টিকা নেওয়া লোকেদের জন্য, উৎস দেশটিকে টিকাকরণের স্থান হিসাবে তালিকাভুক্ত করা যেতে পারে

WHO দ্বারা জরুরী ব্যবহারের জন্য অনুমোদিত টিকাগুলি সম্পর্কে সবচেয়ে সাম্প্রতিক তথ্যের জন্য, https://www.who.int/emergencies/diseases/novel-coronavirus-2019/covid-19-vaccinesএ WHO এর ওয়েবসাইট দেখুন।

**আমাকে কি যাচাই করতে হবে যে টিকাকরণের প্রমাণটি আসল?**
না।

**যদি কেউ একটি জাল টিকাকরণ কার্ড দেখায় তাহলে?**
যদি আপনার সন্দেহ হয় যে কেউ একটি জাল টিকাকরণ কার্ড উপস্থাপন করছে, তাহলে আপনি 311 নম্বরে কল করে এটি রিপোর্ট করতে পারেন, https://ag.ny.gov/complaint-formsএর মাধ্যমে, 833-VAX-SCAM (833- 829-7226) এ ফোন করে, অথবা STOPVAXFRAUD@health.ny.govএ স্বাস্থ্য দপ্তর (Department of Health)-কে ইমেল করে একটি অভিযোগ দায়ের করার দ্বারা NYS অ্যাটর্নি জেনারেলের কাছে রিপোর্ট করতে পারেন।

**কোনও *Key to NYC* প্রতিষ্ঠান কি আরও কঠোর নীতি গ্রহণ করতে পারে এবং আমার প্রতিষ্ঠানে প্রবেশের জন্য কর্মী ও পৃষ্ঠপোষকদের সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত হওয়া বাধ্যতামূলক করে দিতে পারে?**
হ্যাঁ। *Key to NYC* প্রতিষ্ঠানগুলি *Key to NYC* প্রয়োজনীয়তাগুলিকে ছাপিয়ে যেতে পারে এবং সম্পূর্ণ টিকাকরণ বা অন্যান্য প্রতিরক্ষামূলক ব্যবস্থাকে আবশ্যক করে দিতে পারে, তবে সবসময়ের মতোই, অক্ষমতা বা চিকিৎসাগত অবস্থা সংক্রান্ত কারণে টিকা দেওয়া হয়নি এমন কর্মী ও পৃষ্ঠপোষকদের জন্য, সেইসাথে যে কর্মীদের ধর্মীয় বিশ্বাস সম্পর্কিত কারণে টিকা দেওয়া হয়নি তাদের জন্যও উপযুক্ত যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধানগুলিকে বিবেচনা করা উচিত। যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধান সম্পর্কে আরও তথ্যের জন্য, নীচের "ন্যায্য বাস্তবায়ন এবং যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধান" বিভাগটি দেখুন।

## পরিচয়ের প্রমাণের ধরনগুলি

**টিকাকরণের প্রমাণ ছাড়াও আমাকে কি অন্য সনাক্তকরণ পরীক্ষা করতে হবে?**
হ্যাঁ। টিকাকরণের প্রমাণের মতো একই সনাক্তকারী তথ্য বহনকারী পরিচয়পত্রও অবশ্যই দেখাতে হবে। তবে, 18 বছরের কম বয়সী শিশুদের জন্য, সনাক্তকরণ প্রদর্শনের প্রয়োজন নেই।

**আমাকে কি প্রত্যেকের জন্য সনাক্তকরণ যাচাই করতে হবে?**
18 বছর বা তার বেশি বয়সী বলে মনে হয় এমন যে কারও পরিচয়পত্র আপনাকে অবশ্যই যাচাই করতে হবে। ইনডোর স্থানে প্রবেশের জন্য টিকাকরণের প্রমাণ পরীক্ষা করার সাথে একই সময়ে এই সনাক্তকরণটিও অবশ্যই পরীক্ষা করতে হবে। এছাড়াও, আপনি 18 বছরের কম বয়সী ব্যক্তিদের জন্য সনাক্তকরণ পরীক্ষা করতে পারেন তবে এটি করা বাধ্যতামূলক নয়। আপনার বারবার ফিরে আসা গ্রাহকদের প্রতিবার আসার জন্য সনাক্তকরণ পরীক্ষা করার প্রয়োজন নেই যদি আপনার কাছে ইলেকট্রনিক বা কাগজের রেকর্ড থাকে যা দেখায় যে এই ধরনের গ্রাহকরা পূর্বে টিকাকরণ এবং সনাক্তকরণের প্রমাণ দেখিয়েছেন।

এছাড়াও, ফিটনেস স্টুডিও বা সাংস্কৃতিক প্রতিষ্ঠানের কর্মী বা সদস্যের মতো ব্যক্তিদের জন্য আপনার সনাক্তকরণ পরীক্ষা করার প্রয়োজন নেই, যদি টিকাকরণের প্রমাণটি সেই ব্যক্তির জন্য আপনার কাছে ইতিমধ্যেই বজায় রাখা পরিচয়ের রেকর্ডের সাথে মিলে যায়।

**সনাক্তকরণে কী কী অবশ্যই থাকতে হবে?**
সনাক্তকরণটি অবশ্যই এমন হতে হবে যা আপনাকে নিশ্চিত হতে দেবে যে প্রবেশের অনুরোধকারী ব্যক্তিটি টিকাকরণের প্রমাণে প্রতিফলিত একই ব্যক্তি। এর মানে হল যে সনাক্তকরণে যে কোনও একটি অবশ্যই থাকতে হবে:

- ব্যক্তিটির নাম এবং ব্যক্তিটির একটি ছবি; বা
- ব্যক্তিটির নাম এবং ব্যক্তিটির জন্ম তারিখ।

তারপর আপনাকে নাম ও ফটো বা জন্ম তারিখকে টিকাকরণের প্রমাণে প্রদর্শিত নাম ও ফটো বা জন্ম তারিখের সাথে অবশ্যই তুলনা করতে হবে।

**সনাক্তকরণের গ্রহণযোগ্য ধরনের উদাহরণগুলি কী কী?**
সনাক্তকরণের গ্রহণযোগ্য ধরনের উদাহরণগুলির মধ্যে এগুলি অন্তর্ভুক্ত, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়:

- ড্রাইভার'স লাইসেন্স
- ড্রাইভার ব্যতীত অন্য সরকারি ID কার্ড
- IDNYC কার্ড
- পাসপোর্ট
- স্কুল বা কাজের ID কার্ড

ব্যক্তিরা তাদের ফোনে একটি ছবি সহ বা NYC Covid Safe-এর মতো একটি অ্যাপ ব্যবহার করেও তাদের সনাক্তকরণ নথির কপি দেখাতে পারেন যা তাদেরকে নথির একটি কপি দেখাতে দেয়।

## প্রয়োজনীয় সাইন এবং নথি

**কোন প্রয়োজনীয় সাইনেজ আছে কি?**
হ্যাঁ। *Key to NYC* এর আওতাভুক্ত একটি প্রতিষ্ঠানকে অবশ্যই একটি সাইন পোস্ট করতে হবে যা কর্মী ও পৃষ্ঠপোষকদের টিকাকরণের প্রয়োজনীয়তা সম্পর্কে অবহিত করে। একটি প্রতিষ্ঠান NYC স্বাস্থ্য বিভাগ দ্বারা তৈরি একটি সাইন পোস্ট করতে পারে, যা অনলাইনে nyc.gov/keytoNYC এ বা 311 এ কল করে পাওয়া যায়, যা আপনাকে বিনামূল্যে সাইনটি ডাকযোগে পাঠাবে। সাইনটি একাধিক ভাষায় উপলব্ধ।

একটি প্রতিষ্ঠান তার নিজস্ব সাইনও তৈরি করতে পারে, যা কমপক্ষে 8.5 x 11 ইঞ্চি মাপের হতে হবে, কমপক্ষে 14-পয়েন্ট ফন্ট ব্যবহার করতে হবে এবং এই পাঠ্যটি অন্তর্ভুক্ত করতে হবে: *"কর্মী এবং 5 বছর ও তার বেশি বয়সী গ্রাহকদের এই প্রতিষ্ঠানে প্রবেশের জন্য COVID-19 এর বিরুদ্ধে টিকা নেওয়াকে নিউ*

*ইয়র্ক সিটি আবশ্যক করে দিয়েছে। বিনামূল্যে একটি COVID-19 টিকা কোথায় পাওয়া যাবে তা জানতে [nyc.gov/vaccinefinder](nyc.gov/vaccinefinder) দেখুন বা 877-VAX-4NYC (877-829-4692) নম্বরে কল করুন। Key to NYC সম্পর্কে আরও তথ্যের জন্য, [nyc.gov/keytoNYC](nyc.gov/keytoNYC)*দেখুন।"

**আমাকে কোথায় সাইনটি পোস্ট করতে হবে?**
সাইনটি এমন একটি স্থানে পোস্ট করতে হবে যা পৃষ্ঠপোষকরা ইনডোর এলাকায় প্রবেশ করার আগে তাদের কাছে সহজেই দৃশ্যমান হয়।

**আমাকে কোন নথিগুলি রেখে দিতে হবে?**
আপনার অবশ্যই একটি বাস্তবায়ন পরিকল্পনা থাকতে হবে যা বর্ণনা করবে যে আপনি কীভাবে কর্মী ও পৃষ্ঠপোষকদের জন্য টিকারণের প্রমাণ যাচাই করবেন। পরিকল্পনাটি অবশ্যই সাইটে থাকতে হবে এবং পরিদর্শনের জন্য উপলব্ধ হতে হবে। একাধিক স্থানে একই ধরনের আওতাধীন পরিসর পরিচালনা করে এমন একটি আওতাধীন সত্তার সমস্ত অবস্থানের জন্য প্রযোজ্য একটি পরিকল্পনা থাকতে পারে, তবে অবশ্যই পরিকল্পনাটির একটি কপি প্রতিটি স্থানে রাখা নিশ্চিত করতে হবে যাতে এটি একটি পরিদর্শনের সময় দেখানো যায়।

এছাড়াও আপনাকে: (a) আপনার কর্মীরা প্রতিবার কাজ করার জন্য রিপোর্ট করার সময় তাদের টিকাকরণের প্রমাণ পরীক্ষা করতে হবে এবং আপনি যে পরীক্ষা করেছেন তার একটি রেকর্ড রাখতে হবে, অথবা (b) আপনার কর্মীদের টিকাকরণের প্রমাণের রেকর্ড রাখতে হবে। কর্মীরা শুধুমাত্র কয়েক দিনের জন্য আপনার সাথে থাকলে আপনি প্রথম বিকল্পটি ব্যবহার করা বেশি সহজ মনে করতে পারেন। দ্বিতীয় বিকল্পের অধীনে, আপনি তাদের CDC টিকাকরণ কার্ড বা গ্রহণযোগ্য প্রমাণের অন্য কোনও সংস্করণের একটি কপি তৈরি করে বা একটি ছবি নিয়ে প্রয়োজনীয় রেকর্ড রাখতে পারেন (পৃষ্ঠা 5 এ উপরের প্রশ্নটি দেখুন, "টিকাকরণের কোন ধরনের প্রমাণগুলি যথেষ্ট?")। আপনি যদি তাদের প্রমাণ পর্যালোচনা করতে চান এবং তাদের টিকাকরণের তথ্য লিখে রাখতে চান, তাহলে আপনাকে একটি কাগজ বা ইলেকট্রনিক রেকর্ড তৈরি করতে হবে যাতে প্রত্যেক কর্মীর জন্য নিম্নলিখিত তথ্য অন্তর্ভুক্ত থাকে:

1. কর্মীর নাম; এবং

2. ব্যক্তিটি সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত কিনা; এবং

3. একটি দুই ডোজবিশিষ্ট টিকার প্রথম ডোজের প্রমাণ জমা দিয়েছেন এমন একজন কর্মীর জন্য, যে তারিখের মধ্যে দ্বিতীয় ডোজের প্রমাণ দেওয়া আবশ্যক, যা প্রথম ডোজের প্রমাণ জমা দেওয়ার 45 দিনের মধ্যে হতে হবে।

যদি আপনার কোনো কর্মী টিকা না নিয়ে কাজ করেন কারণ আপনি তার জন্য একটি যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধান অনুমোদন করেছেন, সেই ক্ষেত্রে আপনি কখন যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধান মঞ্জুর করেছিলেন, এটি কিসের ভিত্তিতে করা হয়েছিল এবং যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধানের জন্য কর্মীর প্রদান করা যে কোনও সহায়ক নথির একটি রেকর্ড আপনার কাছে থাকতে হবে। যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধান এবং রেকর্ড রাখার বিষয়ে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে নীচের প্রশ্নটি দেখুন, "আমাকে কি পৃষ্ঠপোষক ও কর্মীদের কোনও যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধান প্রদান করতে হবে?"।

সবশেষে, আপনি যদি একজন চুক্তিভিত্তিক কর্মী নিয়োগ করেন, তাহলে আপনাকে চুক্তিভিত্তিক কর্মীর টিকাকরণের স্থিতির রেকর্ড রাখতে হবে না। আপনি পরিবর্তে চুক্তিভিত্তিক কর্মীর নিয়োগকর্তাকে নিশ্চিত

করার অনুরোধ করতে পারেন যে সেই চুক্তিভিত্তিক কর্মীকে টিকা দেওয়া হয়েছে। তবে, আপনাকে আপনার অনুরোধের একটি রেকর্ড রাখতে হবে, ও ঠিকাদারের নিয়োগকর্তার নিশ্চিতকরণ যে ঠিকাদারকে টিকা দেওয়া হয়েছে।

**আমাকে যে নথিগুলি রেখে দিতে হবে সেগুলি আমার কীভাবে পরিচালনা করা উচিত?**
তথ্যের গোপনীয়তা ও নিরাপত্তা সুরক্ষিত থাকা নিশ্চিত করার জন্য যে কোনও টিকাকরণের তথ্য একটি সুরক্ষিত উপায়ে সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে। এই ধরনের তথ্য শুধুমাত্র কর্মী বা অন্য এমন ব্যক্তিদের দ্বারাই অ্যাক্সেস করা উচিত যাদের এই আদেশ, বা অন্যান্য সরকারী আদেশ, আইন বা বিধিনিয়ম মেনে চলার উদ্দেশ্যে এই ধরনের তথ্য অ্যাক্সেস করার বৈধ প্রয়োজন আছে। টিকাকরণের তথ্য অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা উচিত নয়।

**আমি কি ইংরেজি ছাড়া অন্য কোনো ভাষায় আমার বাস্তবায়ন পরিকল্পনা লিখতে পারি?**
লিখিত বাস্তবায়ন পরিকল্পনাটি ইংরেজিতে হওয়া আবশ্যক নয়। আপনি যে কোনো ভাষায় আপনার বাস্তবায়ন পরিকল্পনাটি লিখতে পারেন।

## ন্যায্য বাস্তবায়ন এবং যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধান

**আমাকে কি পৃষ্ঠপোষক ও কর্মীদের কোনও যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধান প্রদান করতে হবে?**
অক্ষমতা সংক্রান্ত কারণে টিকা দেওয়া হয়নি এমন পৃষ্ঠপোষকদের জন্য, এবং অক্ষমতা, ধর্মীয় বিশ্বাস, গর্ভাবস্থা, বা সাংসারিক সহিংসতার শিকার হওয়ার স্থিতি, যৌন অপরাধ বা অনুসরণ করা সংক্রান্ত কারণে টিকা দেওয়া হয়নি এমন কর্মীদের জন্য, প্রতিটি Key to NYC ব্যবসায়িক প্রতিষ্ঠানকে এই নীতি ও জনস্বাস্থ্যের পশ্চাতে থাকা উদ্দেশ্যগুলি মনে রেখে উপযুক্ত যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধানগুলি বিবেচনা করতে হবে।

অতিরিক্ত তথ্যের জন্য, 888-SBS-4-NYC এ ছোট ব্যবসা পরিষেবার (Small Business Services) হটলাইনে কল করুন বা CCHR-এর তথ্য পত্রগুলি পড়ুন: Guidance for Employers on Equitable Implementation of COVID-19 Vaccine Requirements (COVID-19 টিকার প্রয়োজনীয়তাগুলির ন্যায্য বাস্তবায়নের বিষয়ে নিয়োগকারীদের জন্য নির্দেশিকা) এবং Guidance for Public Accommodations on Equitable Implementation of COVID-19 Vaccine Requirements (COVID-19 টিকার প্রয়োজনীয়তাগুলির ন্যায্য বাস্তবায়নে সর্বজনীন স্বাচ্ছন্দ্যবিধানের জন্য নির্দেশিকা)। সিটি একটি চেকলিস্টও তৈরি করেছে যেটি ব্যবহার করে নিয়োগকর্তারা নিশ্চিত করতে পারেন যে তারা কর্মীদের যুক্তিসঙ্গত স্বাচ্ছন্দ্যবিধানের অনুরোধগুলি যথাযথভাবে পরিচালনা করছেন: https://www1.nyc.gov/assets/doh/downloads/pdf/covid/vaccination-workplace-accommodations.pdf

**পৃষ্ঠপোষক বা কর্মীরা কোথায় বৈষম্য সম্পর্কে অভিযোগ করতে পারেন?**
ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির বৈষম্য বা হয়রানি থেকে মুক্ত হওয়ার অধিকার মানুষের আছে। NYC.gov/HumanRights এ বা 311 এর মাধ্যমে NYC মানবাধিকার কমিশন (Commission on Human Rights) এর সাথে যোগাযোগ করুন।

## ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির জন্য সংস্থান

### এই নির্দেশিকাটি বুঝতে আমাকে সাহায্য করার জন্য কোনও ওয়েবিনার উপলব্ধ আছে কি?
হ্যাঁ। আপনার ব্যবসায় সহায়তা করার জন্য নির্দেশিকা এবং উপলব্ধ অন্যান্য সংস্থানগুলিকে বিশদে বর্ণনা করবে এমন ভার্চুয়াল ওয়েবিনারগুলি খুঁজে পেতে, nycsmallbizcourses.eventbrite.com দেখুন এবং "Key to NYC Guidelines and Resources to Help Your Business" (আপনার ব্যবসাকে সাহায্য করার জন্য Key to NYC নির্দেশিকা ও সংস্থান) সন্ধান করুন।

### এই আদেশের সাথে সম্পর্কিত অতিরিক্ত খরচের ক্ষেত্রে আমাকে সাহায্য করার জন্য কোনও অর্থায়ন আছে কি?
সিটির পাঁচটি বরো জুড়ে NYC বিজনেস সলিউশন সেন্টার রয়েছে যা আপনাকে বিনামূল্যে সংস্থানগুলির সাথে সংযোগ করতে সাহায্য করতে পারে। এগুলি 40 টিরও বেশি ঋণদাতার সাথে কাজ করে এবং আপনার জন্য অর্থায়নের সঠিক বিকল্পটি আলোচনা করতে পারে। আরও জানতে http://www.nyc.gov/financingassistance এ যান অথবা 888-SBS-4NYC এ SBS হটলাইনে কল করুন।

### আমার যদি অতিরিক্ত কর্মী নিয়োগের প্রয়োজন হয় তাহলে?
সিটির Workforce1 সেন্টারগুলি পাঁচটি বরো জুড়ে অবস্থিত এবং আপনাকে নতুন প্রতিভার সাথে বিনামূল্যে সংযোগ করতে এবং আপনার বর্তমান কর্মীদের প্রশিক্ষণ দিতেও সাহায্য করতে পারে। www.nyc.gov/recruitment এ আরও জানুন অথবা আরো জানার জন্য 888-SBS-4NYC এ SBS হটলাইনে কল করুন।

## বলবৎকরণ

### গ্রাহকরা সহযোগিতা করতে অস্বীকার করলে বেসরকারি ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির কী করা উচিত?
প্রশাসনিক বিচার ও শুনানি দপ্তর (Office of Administrative Trials and Hearings) একটি ওয়েবিনার পোস্ট করেছে (https://www1.nyc.gov/site/oath/conflict-resolution/conflict-resolution.page) যা গ্রাহক এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির মধ্যে দ্বন্দ্বের সমাধানের প্রশিক্ষণের জন্য সেরা অনুশীলনগুলি বর্ণনা করে। জীবন বা ব্যক্তিগত সম্পত্তির জন্য বিপদ সৃষ্টি করতে পারে এমন একটি জরুরী পরিস্থিতি বা অবস্থা সম্পর্কে রিপোর্ট করার জন্য, বেসরকারি ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির 911 নম্বরে কল করা উচিত।

### কীভাবে *Key to NYC* প্রয়োজনীয়তা বলবৎ করা হবে?
সিটির বিভিন্ন সংস্থার পরিদর্শকরা 13 সেপ্টেম্বর, 2021 থেকে *Key to NYC* বলবৎ করে চলেছে। পরিদর্শকরা যে সংস্থারই হোন না কেন, তারা সবাই একই *Key to NYC* প্রয়োজনীয়তাগুলি মেনে চলার বিষয়টি পরিদর্শন করবেন।

### নিয়ম না মানার জন্য কোনো জরিমানা আছে কি?
13 সেপ্টেম্বর, 2021 পর্যন্ত, অনুবর্তী নয় বলে প্রমাণিত একটি প্রতিষ্ঠানকে $1,000 জরিমানা করা হতে পারে। বারবার লঙ্ঘনের ফলে জরিমানার পরিমাণ বেড়ে যেতে পারে বা অন্যান্য বলবৎকারী পদক্ষেপ নেওয়া হতে পারে।

### পরিদর্শন সম্পর্কে প্রশ্ন বা উদ্বেগের বিষয়ে আমি কাকে কল করতে পারি?
888-SBS-4-NYC এ ক্ষুদ্র ব্যবসায়িক পরিষেবা হটলাইনে কল করুন।

## টিকা নেওয়া

**COVID-19 টিকাটি সম্পর্কে আমি কোথায় আরও জানতে পারি?**
COVID-19 টিকা নিরাপদ, কার্যকর এবং বিনামূল্য। আরও জানতে nyc.gov/covidvaccine এ বা 311 নম্বরে কল করুন।

**আমার কর্মীদের কোথায় টিকা দেওয়া যেতে পারে?**
একটি টিকা দেওয়ার স্থান খুঁজে পেতে ভ্যাকসিন ফাইন্ডারে যান (nyc.gov/vaccinefinder), আপনার কাছাকাছি একটি অবস্থান খুঁজে পেতে বা একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি নির্ধারণ করতে 877-VAX-4NYC (877-829-4692) এ কল করুন।